# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 02 July, 2025

নির্বাচন কমিশন (ইসি) সচিব মো. আখতার আহমেদ জানিয়েছেন, এনআইডি (জাতীয় পরিচয়পত্র) সংশোধন সংক্রান্ত নাগরিকদের আবেদন ও ভোগান্তি উভয়ই কমে এসেছে।এনআইডি সেবা নিয়ে ভবিষ্যতে আর হয়রানির অভিযোগ থাকবে না বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।

বুধবার (২ জুলাই) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে এক সংবাদ ব্রিফিংয়ে ‘এনআইডি সংশোধন সংক্রান্ত ক্র্যাশ প্রোগ্রামের’ অগ্রগতি তুলে ধরে সচিব এসব কথা বলেন।

তিনি জানান, চলতি বছরের জানুয়ারি থেকে জুন পর্যন্ত ছয় মাসে মোট ৯ লাখ ৮৪ হাজার ৩৫৬টি এনআইডি সংশোধনের আবেদন নিষ্পত্তির প্রক্রিয়ায় এসেছে।এর মধ্যে ৯ লাখ ৭ হাজার ৬৬২টি আবেদন নিষ্পন্ন হয়েছে।বর্তমানে অনিষ্পন্ন আবেদন মাত্র ৭৬ হাজার ৬৯৪টি।

সচিব বলেন, “এর আগে প্রতি মাসে গড়ে ১ লাখ করে আবেদন আসত, এখন তা নেমে এসেছে প্রায় ৮০ হাজারে।এনআইডি সংশোধনের জন্য চারটি ক্যাটাগরিতে ভাগ করে প্রয়োজনীয় শুনানি ও দলিল যাচাই করে দ্রুত সময়ের মধ্যে আবেদন নিষ্পত্তি করা হচ্ছে।”

তিনি আরও জানান, ২০২০ সাল থেকে এখন পর্যন্ত মোট ৫৪ লাখ ৭৬ হাজার ১১টি এনআইডি সংশোধনের আবেদন জমা পড়ে, যার মধ্যে ৫৩ লাখ ৯৯ হাজার ৪২০টি ইতোমধ্যে নিষ্পন্ন হয়েছে।

এ সময় সাংবাদিকরা কিছু রাজনীতিবিদের এনআইডি লক থাকার বিষয়ে প্রশ্ন করলে সচিব বলেন, “নানা কারণে এনআইডি লক করা হয়ে থাকে, বিশেষ করে অপব্যবহার রোধে।আমারটাও নাকি লক করা আছে।ব্যক্তিগত বিষয় নিয়ে তথ্য না নেওয়াই ভালো।”

তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, “আমার মনে হয়, নাগরিক সেবায় মানুষের ভোগান্তির মাত্রা কমেছে।আগামী কয়েক মাসে এটি আরও সন্তোষজনক পর্যায়ে আসবে।”

নির্বাচন কমিশন মো. আখতার আহমেদ এনআইডি সংশোধন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 20:58

URL: https://timestodaybd.com/public/national/4061775807